

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১০

০৪ ফেব্রুয়ারি ২০২১
তারিখ: -----
২১ মাঘ ১৪২৭


ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিবন্ধন ফিস ও নবায়ন ফিসের বিপরীতে প্রদেয় মুসক
জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত একটি মাত্র চালান কোডে জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় এর ২০ জানুয়ারি ২০২১ তারিখের
বিজ্ঞপ্তি নং-২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.৪৮ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পত্রে বর্ণিত নির্দেশনা
যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

শাখা-৪

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা

পল্টন, ঢাকা-১০০০।

www.ccie.gov.bd



নিবন্ধন
২২
২৮/১২/২০২১

গ্রহণ শাখা
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.৪৮

তারিখ: ৬ মাঘ ১৪২৭

২০ জানুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের অধীন সকল আঞ্চলিক দপ্তর হতে বিভিন্ন ধরনের সনদ নিবন্ধন ও নবায়ন ফিসের বিপরীতে আদায়যোগ্য মূল্য সংযোজন কর (মুসক) ব্যবসায়িগণ কর্তৃক আঞ্চলিক দপ্তরের নির্দিষ্ট ভ্যাট কোডে জমা প্রদান করা হচ্ছে। কিন্তু ব্যবসায়িগণ অনেক সময় ভুলক্রমে সঠিক কোডে মুসক জমা প্রদান না করে অন্য অফিসের কোডে মুসক দাখিল করছেন এবং এতে নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে। উদ্ভূত এ সমস্যা সমাধানের জন্য আমদানি ও রপ্তানি নিবন্ধন ও নবায়ন সংক্রান্ত ফিস/চার্জ এর উপর মুসক আদায়ে সারা দেশের জন্য একটিমাত্র চালান কোড নির্ধারণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চালান কোড: ১/১১৩৩/০০৩০/০৩১১ নির্ধারণ করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিবন্ধন ফিস ও নবায়ন ফিসের বিপরীতে প্রদেয় সমুদয় মুসক উল্লিখিত কোডে (কোডঃ ১/১১৩৩/০০৩০/০৩১১) জমা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-১-২০২১

মোঃ আওলাদ হোসেন

নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-৪১০৫০২২৬

ইমেইল:

controller.ho@ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.৪৮/১(৫৭০)

তারিখ: ৬ মাঘ ১৪২৭

২০ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
- ২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) বিভাগীয় কমিশনার (সকল)

৬) ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০ (সকল শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৭) জেলা প্রশাসক (সকল)

৮) প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল, ঢাকা (সকল চেম্বার/ট্রেড এসোসিয়েশনকে অবগত করার অনুরোধসহ)।

৯) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) দপ্তর প্রধান, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল আঞ্চলিক দপ্তর।

১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

১২) জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩) প্রধান নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪) মাস্টার ফাইল, শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।



২০-১-২০২১

মোঃ আওলাদ হোসেন

নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)